

COVID-19 চিকিৎসাসমূহ এখন উপলব্ধ

COVID-19 চিকিৎসাসমূহ আপনার শরীরে উপস্থিত ভাইরাসের সংখ্যা কম করতে পারে, উপসর্গ হ্রাস করতে পারে এবং আপনাকে হাসপাতালে যাওয়া এড়াতে সাহায্য করতে পারে। অসুস্থ হওয়ার পরে দ্রুত চিকিৎসা করার ফল সব চেয়ে ভালো হয়, তাই অবিলম্বে পরীক্ষা করানো গুরুত্বপূর্ণ যদি আপনার উপসর্গ থাকে বা আপনি যদি সম্প্রতি সংস্পর্শে এসে থাকেন।

যদি আপনার ফলাফল পজিটিভ হয়, চিকিৎসা সম্পর্কে জিজ্ঞাসার জন্য আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে অথবা 212-268-4319 নম্বরে ফোন করুন।

কী ধরনের চিকিৎসা উপলব্ধ?

দুই ধরনের পরীক্ষা আছে:

- মুখে থাওয়ার অ্যান্টিভাইরাল বডি — পাঁচ দিন ধরে প্রতিদিন থাওয়ার ওষুধ
- মনোক্লোনাল অ্যান্টিবডি — একটি এককালীন ইন্ট্রাভেনাস (Intravenous, IV) চিকিৎসা

চিকিৎসা পাওয়ার উপযুক্ত কারা?

12 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিগণ যারা COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল পেয়েছেন (যে কোনো পরীক্ষা ব্যবহার করে) এবং যাদের উপসর্গ আছে যা গত সাত দিনের মধ্যে শুরু হয়েছে তারা চিকিৎসা পাওয়ার উপযুক্ত।

চিকিৎসার কথা জিজ্ঞেস করুন, বিশেষ করে যদি আপনার:

- বয়স 65 বছর এবং তার বেশি হয়
- কোনো অন্তর্নিহিত স্বাস্থ্যগত অবস্থা থাকে, যেমন স্কুলতা, ডায়াবেটিস, হৃদরোগ, ফুসফুসের পুরাতন সমস্যা, কিডনির পুরাতন রোগ, দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা, অথবা গর্ভবতী হওয়া

আমি কীভাবে চিকিৎসা পাব?

আপনার ফলাফল পজিটিভ হলে, একটি চিকিৎসা কেন্দ্র খুঁজে পেতে সাহায্যের জন্য বা একটি ব্যবস্থাপত্র পাওয়ার জন্য সাথে সাথে আপনার সেবা প্রদানকারীকে কল করুন। এছাড়া আপনি **expresscare.nyc** এ গিয়ে অথবা 212-268-4319 নম্বরে ফোন করে একজন NYC Health + Hospitals ডাক্তারের সাথেও কথা বলতে পারেন। একটি মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা কেন্দ্র খুঁজে পেতে, **on.nyc.gov/findcovidtreatment** ভিজিট করুন।

কোন ধরনের চিকিৎসা পাব তা কি আমি বেছে নিতে পারব?

কোন চিকিৎসাটি আপনার জন্য সঠিক হবে সেটি সিদ্ধান্ত নিতে আপনার সেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

চিকিৎসায় কত খরচ হয়?

মুখে থাওয়ার অ্যান্টিভাইরাল চিকিৎসা বর্তমানে বিনামূল্যের। Medicaid ও Medicare প্ল্যানসমূহ মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসাকে বিনামূল্যে প্রদান করে। আপনার যদি বেসরকারী বীমা থাকে, আপনার স্বাস্থ্য প্ল্যান এবং চিকিৎসা কেন্দ্রের সাথে কথা বলে যে কোনো খরচ-ভাগ করা সম্পর্কে জেনে নিন। NYC Health + Hospitals ইমিগ্রেশন স্ট্যাটাস বা মূল্য পরিশোধের ক্ষমতা নির্বিশেষে সেবা প্রদান করে।



একটি COVID-19 পরীক্ষা কেন্দ্র খুঁজে বার করতে **nyc.gov/covidtest** এ যান অথবা **311** নম্বরে কল করুন।

টিকা দেওয়া হচ্ছে আপনার নিজেকে, পরিবারকে ও আপনার সম্প্রদায়কে COVID-19 থেকে বাঁচানোর সেবা উপায়। একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে, **nyc.gov/vaccinefinder** ভিজিট করুন অথবা 877-829-4692 নম্বরে ফোন করুন।